# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**29 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==============================================

১) একবিংশ শতকের প্রয়োজন পূরণ করতে সরকার দেশের শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ সহ বিশ্বমানের শিক্ষা প্রদানের উদ্যোগ নিয়েছে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর প্রকাশ ।

২) উচ্চতর মাধ্যমিক চূড়ান্ত পরীক্ষার চলতি বছরের ফলাফল আগামীকাল সকাল ৯ টায় ঘোষনা ।

৩) গৌহাটীর সিবিআই আদালতে বিচারাধীন এন ডি এফ বির বিরুদ্ধে থাকা ৯ টি মামলা সংশ্লিষ্ট জেলার দায়রা আদালতে স্থানান্তরের সিদ্ধান্ত ।

এবং

৪) পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ের প্রচার অভিযানের আগামীকাল সমাপ্তি / বিভিন্ন রাজনৈতিক দলের শীর্ষ নেতা কর্মীদের প্রচার অভিযান জোরদার ।

---

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন যে সরকার একবিংশ শতকের প্রয়োজন পূরণ করতে তথা দেশের প্রত্যেক ছাত্রছাত্রীর উপকারের জন্য শিক্ষা ব্যবস্থার আধুনিকীকরণ সহ বিশ্বমানের শিক্ষার ব্যবস্থা করছে ।আজ নতুন দিল্লীর ভারত মন্ডপমে শিক্ষা ক্ষেত্র , শিল্প তথা উদ্ভাবন ক্ষেত্রের সঙ্গে জড়িত ব্যক্তিদের নিয়ে প্রথমবারের মতো আয়োজিত ‘যুগ্ম ’শীর্ষক কৌশলগত সম্মেলনে ভাষণ দিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন ।দেশের ভবিষ্যৎ যুবাদের ওপর নির্ভরশীল বলে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে দেশের উজ্জ্বল ভবিষ্যতের জন্য যুবক যুবতীদের প্রস্তুত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ । নতুন শিক্ষানীতি

দেশের শিক্ষা ব্যবস্থায় ব্যাপক পরিবর্তন নিয়ে এসেছে বলে উল্লেখ করে শ্রী মোদী বলেন প্রতিভা , প্রকৃতি এবং প্রযুক্তির সংমিশ্রন ভারতের ভবিষ্যৎ পরিবর্তন করবে । দেশের বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনগুলো প্রতিভা বিকাশের কেন্দ্র হিসেবে গড়ে উঠছে বলে তিনি মন্তব্য করেন ।শ্রী মোদী বলেন এক দেশ এক সদস্যপদ ব্যবস্থা প্রত্যেক শিক্ষার্থীকে বিশ্বমানের জ্ঞান লাভ করার ক্ষেত্রে সহায়তা করছে ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যসভার বিরোধী দলনেতা তথা কংগ্রেস সভাপতি মল্লিকাজুন খাড়গে ও লোকসভার বিরোধী নেতা রাহুল গান্ধী পহেলগামে সন্ত্রাসবাদীর বর্বরোচিত আক্রমণ সম্পর্কে আলোচনার জন্য বিশেষ অধিবেশন আহ্বান করেছেন ।প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে লেখা দুটি পৃথক পত্রে উভয় নেতা জাতীয় একতার স্বার্থে সংসদের উভয় সভায় শীঘ্র এসম্পর্কে বিশেষ অধিবেশনের আহ্বান জানিয়েছেন ।শ্রী খার্গে বলেন যে একতা ও সহমর্মিতার প্রয়োজন হোয়ার সময় এধরণের অধিবেশন রাষ্ট্রের সামগ্রীক ইচ্ছার শক্তিশালী প্রকাশ হিসেবে বিবেচিত হবে । রাহুল গান্ধী তার পত্রে এই গুরুত্বপূর্ন সময়ে সমগ্র দেশবাসী সন্ত্রাসবাদের বিরুদ্ধে একত্রিত হয়ে রয়েছে বলে উল্লেখ করে এই বিশেষ অধিবেশনের আহ্বান জানান ।

কংগ্রেসের এই বিশেষ অধিবেশনের প্রস্তাবকে সমর্থন না করে বিজেপির মুখপাত্র শ্বেহজাদ পুনাওয়ালা সাংবাদিকদের সংগে কথাবার্তার সময় কংগ্রেস সভাপতি মল্লিকাজুন খাড়গে আগে এই সন্ত্রাসবাদী আক্রমণ সম্পর্কে কংগ্রেস দলের দলগত সিদ্ধান্ত কি তা প্রকাশ করা উচিত বলে মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের অধীন চলতি বছরের উচ্চতর মাধ্যমিক চুড়ান্ত পরীক্ষার সবকটি শাখার ফলাফল আগামীকাল ঘোষণা করা হবে ।শিক্ষার্থীরা আগামীকাল সকাল ৯ টা থেকে নির্দিষ্ট ওয়েবসাইটে তাদের মার্কশিট ডাউনলোড করতে পারবে । www.assamresult.in , www.ahsec.assam.in ইত্যাদি ১২ টি ওয়েবসাইটে শিক্ষার্থীরা নিজেদের রোল নম্বর এবং রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে মার্কশিট ডাউনলোড করতে পারবে ।এছাড়া মোবাইলে এ্যপ ডাউনলোড করে ফলাফল জানা যাবে ।বিদ্যালয় শিক্ষা পর্ষদের দু নম্বর সংমন্ডলের প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুযায়ি উত্তীর্ণ শিক্ষার্থীদের পরবর্তী সময়ে ছাপা মার্কশিট এবং প্রমাণপত্র প্রদান করা হবে ।পরীক্ষায় অনুত্তীর্ণ শিক্ষার্থীদের ছাপা মার্কশিট প্রদান করা হবেনা বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে । তবে কোন অনুত্তীর্ণ শিক্ষার্থী ছাপা মার্কশিট নিতে চাইলে তাকে পর্ষদের কার্যালয়ে পৃথকভাবে আবেদন করতে হবে ।কোন পরীক্ষার্থী উত্তরপত্র পুনর নিরিক্ষণ সহ

উত্তরপত্রের প্রতিলিপি চাইলে বিদ্যালয় শিক্ষা পর্ষদের ওয়েবসাইটের মাধ্যমে আবেদন করতে হবে ।ফলাফল ঘোষণা করার দুদিন পর পোর্টেলে লিংক দেওয়া হবে ।উল্লেখ্য এবছরের উচ্চতর মাধ্যমিক পরীক্ষায় মোট ৩ লক্ষ ২ হাজার ৪২০ জন পরীক্ষায় অবতীর্ণ হয়েছে ।

------------------------------------------------------------------------------------

গুয়াহাটীর সি বি আই আদালত উগ্রপন্থী সংগঠন এন ডি এফ বি'র বিরুদ্ধে আদালতে বিচারাধীন থাকা ৯ টি মামলা , অপরাধ সংঘটিত সংশ্লিষ্ট জেলার দায়রা আদালতে স্থানান্তর করার সিদ্ধান্ত গ্রহণ করেছে ।উগ্রপন্থী সংগঠনটির অপরাধ সংঘটিত করা স্থান অনুযায়ি সংশ্লিষ্ট জেলার দায়রা জজের আদালতে এই মামলা সমুহ প্রেরণ করা হবে ।

------------------------------------------------------------------------------------

উত্তর-কাছাড় স্বশাসিত পরিষদের ৭৪ তম প্রতিষ্ঠা দিবস পালন উপলক্ষে আজ হাফলং য়ে পরিষদের কার্যালয়ে বিভিন্ন কার্যসূচীর আয়োজন করা হয়েছে । পরিষদের মুখ্য কার্যবাহী সদস্য দেবলাল গারলোসা অনুষ্ঠানে মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

------------------------------------------------------------------------------------

আগামী দোসরা মে অনুষ্ঠেয় পঞ্চায়েত নির্বাচনের প্রথম পর্যায়ের প্রচার অভিযানের আগামীকাল সমাপ্তি হবে । এদিকে নির্বাচন উপলক্ষে বিভিন্ন রাজনৈতিক দল সহ নির্দল প্রার্থীদের প্রচার অভিযান তুংগে উঠেছে ।

মুখ্যমন্ত্রী তথা বিজেপির নেতা ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ কামরুপ জেলার রঙিয়া ও দরং এ নির্বাচনী প্রচার সভায় অংশ নেন । মুখ্যমন্ত্রী রাজ্যের সর্বাংগীন কল্যানের জন্য বিজেপি মিত্রজোটের প্রার্থীর হয়ে প্রচার চালান ।কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল আজ মার্ঘেরিটায় প্রচার সভায় অংশ গ্রহণ করেন । অসম গণ পরিষদের নেতা তথা অতুল বরা আজ বোকাখাটের গরিয়াজান চা বাগান রঙামাটি ,সেউনি কমারগাও সহ বিভিন্ন অঞ্চলে প্রচার চালান । এদিকে বিরোধী দল কংগ্রেস রাজ্যের বিভিন্ন স্থানে ব্যাপক প্রচার অব্যাহত রেখেছে । দলের রাজ্য সভাপতি ভূপেন বরা আজ জহিন চা বাগানে আয়োজিত এক জনসভায় ভাষন দেন ।

বরাক উপত্যকার তিনজেলায় ও প্রচার অভিযান জোরদার হয়ে উঠেছে । মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া আজ শালগংগা জেলা পরিষদের প্রার্থী সহ অন্যান্য দলীয় প্রার্থীদের সমর্থনে উধারবন্দে আয়োজন করা বিজয় সংকল্প সমাবেশে অংশ গ্রহণ করে ভাষন দেন । সভায় বিধায়ক মিহির কান্তি সোম , বিজেপির আসাম প্রদেশের রাজ্য সম্পাদক কনাদ পুরকায়স্থ , কাছাড় জেলার সাধারণ সম্পাদক অমিতাভ রায় সহ অন্যান্যরা

উপস্থিত ছিলেন ।এদিকে মন্ত্রী কেশব মহন্ত  আজ কাছাড় জেলার শ্রীকোণায় দলীয় প্রার্থীদের সমর্থনে প্রচার চালান ।

শ্রীভূমি জেলায় ও প্রচার অভিযান তুংগে উঠেছে । মন্ত্রী কেশব মহন্ত জেলার লাঠিরঘাট রাণীবারী গ্রামে লক্ষ্মীর বাজার জেলা পরিষদের মিত্রজোটের প্রার্থীর হয়ে নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করেন । সভায় সাংসদ মিশন রঞ্জন দাস ও অংশ গ্রহণ করেন ।এদিকে কংগ্রেস সহ অন্যান্য দলের নেতা কর্মীরা ও প্রচার অভিযান অব্যাহত রেখেছেন ।

হাইলাকান্দি জেলায় ও আজ ক্ষমতাসীন বিজেপি সহ অন্যান্য দলের নেতা কর্মীদের জোরদার প্রচার নির্বাচনের বাতাবরণকে এক অন্যমাত্রায় পৌছে দিয়েছে ।অসম গণ পরিষদের কার্যকরী সভাপতি তথা মন্ত্রী কেশব মহন্ত জেলার লক্ষ্মীরবন্দ বাইপাসে দলীয় এক নির্বাচনী সভায় অংশ গ্রহণ করে দলীয় তথা মিত্রজোট প্রার্থীদের সমর্থনে প্রচার চালান ।এদিকে রামচন্ডী নিমাইচাঁদ জেলা পরিষদ আসনের প্রার্থী এই আসনের অধীন বিভিন্ন গ্রামে প্রচার চালান ।আলগাপুর - কাঞ্চনপুর জেলা পরিষদ আসনের রাইজর দলের প্রার্থী বিভিন্ন স্থানে প্রচার সভায় অংশ নেন ।

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় পঞ্চায়েত নির্বাচনে নিযুক্ত পুলিশ ও অসামরিক জোনেল ও সেক্টর আধিকারিকদের এক গুরুত্বপূর্ন সভা আজ শহরের এস এস কলেজ প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হয় ।সভায় হাইলাকান্দির জেলা আয়ুক্ত এন এইচ গৌতম , নির্বাচনী পর্যবেক্ষক পারভেজ আমিন , অতিরিক্ত জেলা আয়ুক্ত রক্তিম বরুয়া , ডি এস পি সুরজিৎ চৌধুরী সহ অন্যান্য আধিকারিকরা উপস্থিত ছিলেন ।সভায় আধিকারিকদের নির্বাচনের সময়কালে উদ্ভুত সমস্যার সমাধানের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয় ।এছাড়া ভোটকেন্দ্রগুলির বিস্তারিত তথ্য , নিরাপত্তা ব্যবস্থা ও নির্বাচনের দিন সমন্বিত কার্যপদ্ধতি সম্পর্কে আলোচনা করা হয় । এসম্পর্কে জেলা আয়ুক্ত শ্রী গৌতম বলেন --

বাইট

---------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচনের ভোট সামগ্রী আগামী বৃহস্পতিবার হাইলাকান্দি শহরের এস এস কলেজের খেলার মাঠে বন্টন করা হবে । এদিন ৩১টি কাউন্টারের মাধ্যমে ভোট সামগ্রী বিতরন করা হবে । এদিকে ভোট কর্মীদের জেলা সদরে নিয়ে আসতে বৃহস্পতিবার সকাল থেকে জেলার বিভিন্ন স্থান থেকে ৪০টি

যাত্রীবাহী বাস ও ট্রেভেলার প্রশাসনের পক্ষ থেকে ব্যবস্থা করা হয়েছে । এই বাসগুলি সকাল ৫টা , সাড়ে ৫টা এবং সকাল ৬টায় জেলার বিভিন্ন স্থান থেকে ছাড়বে । জেলা প্রশাসন থেকে বিশদে জানতে চারটি ফোন নম্বর দেওয়া হয়েছে । এই ফোন নম্বরগুলি হচ্ছে-৭০০২৩১৬৫০৪ , ৭০০২০৮২০২১ , ৯৪৩৫৮৮৪৫৯৩ এবং ৮৬৩৮৫২৪৭৪৪ ।

---------------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলায় আসন্ন পঞ্চায়েত নির্বাচন উপলক্ষ্যে দোসরা মে ভোট গ্রহনের দিন এসেম্বলি লেভেল মাস্টার ট্রেইনারদের স্ক্রুটিনির জন্য নির্দিষ্ট রিসিভিং কাউন্টারে উপস্থিত থাকতে নির্দেশ দেওয়া হয়েছে । জেলার পার্সোনেল ও ট্রেনিং সেল থেকে জারী করা বিজ্ঞপ্তীতে ভোটের দিন বিকেল চারটায় সংশ্লিষ্ট এসেম্বলি লেভেল মাস্টার ট্রেইনারদের করিমগঞ্জ কলেজের মাঠে উপস্থিত থাকতে বলা হয়েছে । পাশাপাশি পাথারকান্দি ও রামকৃষ্ণনগর সম জেলায়ও এসেম্বলিলেভেল ট্রেইনারদের একইভাবে ভোটের দিন সংশ্লিষ্ট রিসিভিং কাউন্টারে উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------------